দৈনিক সংবাদ

তারিখ ... 11 NOV 1989
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩

# একটি কলেজে অনিয়মের অভিযোগ

কক্সবাজার সংবাদদাতা জানান, চকরিয়া ডিগ্রী কলেজে দীর্ঘকাল যাবৎ নানা অনিয়ম ও দুর্নীতি চলিতেছে বলিয়া ঐ কলেজের এক অভ্যন্তরীণ অডিট রিপোর্টে জানা গিয়াছে। এ রিপোর্টের বিবরণ অনুযায়ী কলেজের অধ্যক্ষ নিয়ম বিধি বহির্ভূতভাবে প্রায় ১৫ লক্ষ টাকা ব্যয় করিয়াছেন। এই ব্যাপারে কলেজের অধ্যক্ষের নিকট ব্যাখ্যা চাওয়া হইলে তিনি দাবী করেন যে, তিনি যাহা করিয়াছেন তাহা কলেজের স্বার্থেই করিয়াছেন।

তিন সদস্যবিশিষ্ট অডিট টীমের রিপোর্টে এই কলেজের অধ্যক্ষ কর্তৃক ব্যাপক অনিয়ম ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ এবং কলেজ পরিচালনা কমিটির অনুমোদন উপেক্ষা করিয়া কলেজ উন্নয়নের নামে সংগৃহীত অর্থ নিজের খেয়াল খুশিমত নামমাত্র প্রোজেক্ট কমিটি গঠন করিয়া ব্যয় করিয়াছেন। উল্লেখ্য বিগত বছরে বিভিন্ন খাতে (বাৎসরিক কলেজ বাজেটে) ১৪ লক্ষ ৬১ হাজার ১৫৮ টাকা ৫৬ পয়সা কলেজ পরিচালনা কমিটির কোন অনুমোদন ছাড়াই ব্যয় করা হইয়াছে। অথচ শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতির ৮নং ধারার বিধান মতে পরিচালনা কমিটির অনুমোদন নেওয়ার জন্য নির্দেশ রহিয়াছে।

কলেজের মধ্যে নানান সমস্যা বিরাজ করিতেছে। অধ্যাপকদের জন্য কোন কোয়ার্টার নাই। নামমাত্র একটি ছাত্রাবাস রহিয়াছে। এক সহস্রাধিক ছাত্রের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ও কয়েকটি বিষয়ে কোন অধ্যাপক নাই। কলেজ লাইব্রেরীতে স্বল্প সংখ্যক বই রহিয়াছে। কলেজের খেলার মাঠে কোনমতে খেলাধুলা করা হয়। এই ব্যাপারে চকরিয়া কলেজের অধ্যক্ষের সহিত যোগাযোগ করিলে তিনি খবরের সত্যতা স্বীকার করিয়া জানান যে, সর্ব ক্ষেত্রে নিয়মকানুন পালন করা সম্ভব নয়। তিনি অনিয়ম করিয়াছেন তাহা নাকি কলেজের স্বার্থে করিয়াছেন।